



প্রকৌঃ শেখ ফয়েজুল আমীন, পিইঞ্জ
অতিরিক্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
চেয়ারম্যান, ডেসকো বোর্ড।

প্রকৌঃ শেখ ফয়েজুল আমীন, পিইঞ্জ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন অতিরিক্ত সচিব হিসাবে কর্মরত আছেন। পূর্বে তিনি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্ট্রেডা) এর সদস্য হিসেবে কাজ করেছেন, যা জ্বালানির টেকসই উন্নয়ন, জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কার্বন নিঃসরণ কমিয়ে একটি জ্বালানি সচেতন সমাজ গঠনে কাজ করছে। তিনি আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেডের পরিচালনা পর্ষদের পরিচালক হিসাবে রয়েছেন এবং ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি) এর চেয়ারম্যান ছিলেন।

তিনি বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে ১৯৮৮ সালে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি লাভ করেন। পড়াশোনা শেষ করার পরই ১৯৮৯ সালে তিনি বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে সহকারী প্রকৌশলী হিসাবে যোগদান করেন। তিনি সহকারী প্রকৌশলী সিলেট ডিভিশন, উপ-বিভাগীয় প্রকৌশলী সিলেট, ময়মনসিংহ ও ঢাকা ডিভিশন এবং নির্বাহী প্রকৌশলী বরিশাল ডিভিশনসহ সড়ক ও জনপথ অধিদপ্তরের অন্যান্য অনেক গুরুত্বপূর্ণ পদে কৃতিত্বের সাথে দীর্ঘসময় দায়িত্ব পালন করেন। পরবর্তীতে জনাব আমীন সরকারের উপসচিব হিসাবে পদোন্নতি পান এবং বিদ্যুৎ বিভাগে পদায়িত হন। কয়েক বছর পর তিনি বিদ্যুৎ বিভাগের পিএসসিডিপি প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক (কারিগরি) পদে পুনঃনিযুক্ত হন। জনাব আমীন ২০০৮ সালে আবুল কাশেম পুরস্কার প্রাপ্ত হন এবং যুক্তরাজ্যের লন্ডনস্থ ব্রুনেল বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল ব্যবস্থাপনায় কৃতিত্বপূর্ণ ফলাফলসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি এমবিএ ডিগ্রি অর্জন করেন।

চাকুরী জীবনে তিনি উল্লেখযোগ্য সংখ্যক দেশী এবং বিদেশী প্রশিক্ষণ কার্যক্রমে অংশ গ্রহন করেন, যার মধ্যে সংগ্রহ ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, পারফরম্যান্স ম্যানেজমেন্ট, সৌর সেচ-পাম্প ও হোম সিস্টেম, নির্মাণ শিল্পের যন্ত্রপাতির অপারেশন ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি অন্যতম। ১৯৬৫ সালে জন্মগ্রহণকারী জনাব আমীন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) এর আজীবন সদস্য, এছাড়া তিনি বিভিন্ন সামাজিক ক্লাব, সংস্থার সাথে সংযুক্ত আছেন।